

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যদি কোন ব্যক্তি অন্য কোন কাপড় না পায়, তবে এক লুঙ্গি পরিধান করে তাতে সালাত আদায় করা জায়েয

আরবী

2298 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو قُدَامَةَ عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ سُفْيَانَ قَالَ: حَدَّثَنِي أَبُو حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: كَانَ رِجَالٌ يُصلُّونَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عاقِدِي أُزُرِهِمْ عَلَى أعناقِهِمْ - كَهَيْئَةِ الصِبِّبْيَانِ - مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عاقِدِي أُزُرِهِمْ عَلَى أعناقِهِمْ - كَهَيْئَةِ الصِبِّبْيَانِ - فيقال للنساء: لا تَرْفَعْنَ رؤسَكُنَّ حتى يَسْتَوِيَ الرِّجَالُ.

الراوي: سَهْل بْن سَعْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2298 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (641): ق.

বাংলা

২২৯৮. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "সাহাবীগণ তাদের লূঙ্গি শিশুদের মতো কাঁধের উপর গিরা দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাত আদায় করেছেন। তখন নারীদের বলা হতো, "তোমরা সাজদা থেকে মাথা উত্তোলন করবে না, যতক্ষন না পুরুষরা সোজাভাবে বসে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৬৩; নাসাঈ: ২/৭০; সহীহ আল বুখারী: ৩৬২; মুসনাদ আহমাদ: ৫/৩৩১; সহীহ মুসলিম: ৪৪১; আবূ দাউদ: ৬৩০; তাবারানী: ৫৯৬৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৪১)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন